যুগান্তর
তারিখ 04 DEC 2006
পৃষ্ঠা ১৩ কলাম ৬

# রাজধানীর ২৪টি সরকারি স্কুলে ভর্তি ফরম বিক্রি ১৩ ডিসেম্বর শুরু

ইউসুফ আলী

ঢাকা মহানগরীর ২৪টি সরকারি স্কুলে প্রথম থেকে নবম শ্রেণীতে ভর্তি ফরম বিক্রি আগামী ১৩ ডিসেম্বর শুরু হবে। চলবে ২৪ ডিসেম্বর পর্যন্ত। 'এ', 'বি' ও 'সি'— এই তিনটি গ্রুপে ভাগ করে ভর্তি পরীক্ষা নেয়া হবে। পরীক্ষা শুরু হবে ৭ জানুয়ারি। সম্প্রতি মহানগরীর ২৪টি সরকারি স্কুলে ভর্তি পরীক্ষা পরিচালনা কমিটির এক সভায় এ সিদ্ধান্ত নেয়া হয়।

মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদফতর (মাউশি) সূত্রে জানা যায়, ভর্তি ফরমের দাম নির্ধারণ করা হয়েছে ১০০ টাকা। ২৪টি স্কুলের মধ্যে ৮টি করে তিন গ্রুপে ভর্তি পরীক্ষা হবে। এর মধ্যে 'এ' গ্রুপের স্কুলগুলোর পরীক্ষা হবে আগামী ৭ জানুয়ারি, 'বি' গ্রুপের ৮টি স্কুলের পরীক্ষা হবে ৯ জানুয়ারি এবং 'সি' গ্রুপের ৮টি স্কুলের পরীক্ষা হবে ১১ জানুয়ারি।

'এ' গ্রুপে রয়েছে— গভর্নমেন্ট ল্যাবরেটরি হাইস্কুল, মিরপুর সরকারি উচ্চ বিদ্যালয়, মতিঝিল সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, খিলগাঁও সরকারি উচ্চ বিদ্যালয়, নবাবপুর সরকারি উচ্চ বিদ্যালয়, নিউ গভ. গার্লস হাইস্কুল, ইসলামিয়া সরকারি উচ্চ বিদ্যালয় ও মোহাম্মদপুর সরকারি উচ্চ বিদ্যালয়।

'বি' গ্রুপে রয়েছে— মতিঝিল সরকারি বালক উচ্চ বিদ্যালয়, নারিন্দা সরকারি উচ্চ বিদ্যালয় গভ. মুসলিম হাইস্কুল, বাংলাবাজার সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, শেরেবাংলা নগর সরকারি বালক উচ্চ বিদ্যালয়, সরকারি বিজ্ঞা

বিক্রি : পৃষ্ঠা ১৫ : কলাম ৭

## বিক্রি : ভর্তি ফরম

(৩য় পৃষ্ঠার পর)

কলেজ সংযুক্ত হাইস্কুল, ধানমণ্ডি সরক বালিকা উচ্চ বিদ্যালয় ও ধানমণ্ডি কামরুন সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়।

'সি' গ্রুপে রয়েছে— ধানমণ্ডি গভ. ব হাইস্কুল, আরমানিটোলা সরকারি উচ্চ বিদ্যা শেরেবাংলা নগর, সরকারি বালিকা বিদ্যালয়, টিকাটুলি কামরুন্নেছা সরকারি বালি উচ্চ বিদ্যালয়, তেজগাঁও সরকারি বালিকা বিদ্যালয়, ঢাকা কলেজিয়েট স্কুল, গণভ সরকারি উচ্চ বিদ্যালয় ও তেজগাঁও সরক উচ্চ বিদ্যালয়।

এসব স্কুলের আসন সংখ্যা সম্পর্কে ভর্তি পরী পরিচালনা কমিটির সদস্য সচিব ও মাউশি উপ-পরিচালক রেজাউল করিম যুগান্তর জানান, ফরম বিক্রির পর ২৬ ডিসেম্বর আ সংখ্যা জানা যাবে।

এদিকে ভিকারুননিসা নূন স্কুলে ইংরি মিডিয়ামের প্রথম ও ষষ্ঠ শ্রেণীর ভর্তি পরী হবে আগামী ১১ ডিসেম্বর। এছাড়া বাং মিডিয়ামের প্রথম শ্রেণীর ভর্তি পরীক্ষা হবে ৯, ১০ ও ১১ জানুয়ারি।